

“মুজিব বর্ষের আহ্বান,
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।



www.dss.kasba.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৮০

তারিখঃ ২১/০৩/২০২৪খ্রিঃ।

বিষয়: কসবা উপজেলার কসবা পশ্চিম ইউনিয়নের “বায়তুল মামুন জামে মসজিদ” সরেজমিনে যাচাই বাছাই পূর্বক প্রতিবেদন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী ২১/০৩/২০২৪ খ্রিঃ তারিখে “বায়তুল মামুন জামে মসজিদ” গ্রাম-আকছিনা, ডাকঘর- আকছিনা, কসবা পশ্চিম ইউনিয়ন, কসবা, ব্রাহ্মণবাড়িয়া সরেজমিনে পরিদর্শন করি। মসজিদ পরিদর্শনকালীন সময়ে মসজিদ পরিচালনা কমিটি এর সদস্যসহ এলাকার গন্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। মূলত, স্থানীয় জনসাধারণের প্রয়োজনের তাগিদে জনাব মোঃ আব্দুল বাছির মিয়া, পিতা- মৃত আব্দুল আজিজ এবং আব্দুল মান্নান, পিতা- হাজী উলফত আলী কর্তৃক ওয়াকফকৃত ৯.৫০ শতাংশ জমিতে বায়তুল মামুন জামে মসজিদটি নির্মাণে কাতার চ্যারিটির আর্থিক সাহায্য পাওয়ার জন্য আবেদন করেন। বর্তমান টিনসেড মসজিদটি আকারে খুব ছোট এবং সার্বিক অবস্থা ভাল নয়। তাছাড়া, অত্র পাড়ায় আর কোনো জামে মসজিদ নেই। নিকটবর্তী অন্যান্য মসজিদ সমূহ অনেক দূরে অবস্থিত। ফলে, পাড়ার মুসল্লিদের দূরে গিয়ে অন্য মসজিদে নামাজ পড়তে হয়। এই মসজিদটি নির্মাণ করা সম্ভব হলে এলাকার মুসল্লিদের পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের সহিত পড়ার পথ সুগম হবে। মসজিদ পরিচালনা কমিটি কর্তৃক আবেদন পত্রের সহিত সংযুক্ত কাগজপত্র সমূহ যাচাইয়ে সঠিক পাওয়া যায়। “বায়তুল মামুন জামে মসজিদ” গ্রাম- আকছিনা, ডাকঘর- আকছিনা, কসবা পশ্চিম ইউনিয়ন, কসবা, ব্রাহ্মণবাড়িয়াকে নির্মাণে কাতার চ্যারিটির আর্থিক সাহায্য পাওয়ার জন্য সুপারিশ করা যেতে পারে। এই বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হইল।

মোহাম্মদ আলমগীর মিয়া
উপজেলা সমাজসেবা অফিসার
মোবাইল- ০১৭০৮৪১৪৭৫৬
টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬

উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

ইমেইল-usso.kashba@dss.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৮০

তারিখঃ ২১/০৩/২০২৪খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
২. অফিস কপি।